চুয়াডাঙ্গায় জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা জেলা আইন শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে বেলা সাড়ে ১১ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে জেলা আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়।

জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভায় সম্পত্তি সংক্রান্ত অপরাধ নিয়ন্ত্রণ, সন্ত্রাস ও নাশকতামূলক কার্যক্রম পর্যালোচনা, মাদকদ্রব্য ও চোরাচালান নিরোধ, অনিষ্পন্ন চোরাচালান মামলার নিষ্পত্তি ত্বরান্বিতকরণ, সড়ক দুর্ঘটনা নিয়ন্ত্রণ, মানব পাচার প্রতিরোধ, শিক্ষা প্রতিষ্ঠানের শৃঙ্খলা, সড়কের শৃঙ্খলা, ফুটপাত হকারমুক্ত ও দখলমুক্ত, দ্রব্যমূল্য সহনশীল রাখা, পহেলা বৈশাখ, ঈদের জামাত ইত্যাদি বিষয়ের উপর বিস্তারিত আলোচনা হয়।

উক্ত সভায় আরোও উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ্ আল মামুন,চুয়াডাঙ্গা পৌর মেয়র জাহাঙ্গীর আলম মালিক, চুয়াডাঙ্গা অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা আইসিটি) কবির হোসেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়া সহ আলমডাঙ্গা, দামুড়হুদা ও জীবননগর উপজেলা নির্বাহী অফিসার বৃন্দ সহ চুয়াডাঙ্গা জেলার বিভিন্ন দপ্তরের কর্মকর্তাবৃন্দ, বীর মুক্তিযোদ্ধা, জনপ্রতিনিধিবৃন্দ, সুশীল সমাজের নেতৃবৃন্দ, মিডিয়া ব্যক্তিবর্গ ও জেলা প্রশাসকের কর্মকর্তাবৃন্দ।

চুয়াডাঙ্গায় শিক্ষার্থীদের মাঝে ট্যাবলেট বিতরণ

চুয়াডাঙ্গায় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে সরকারি ও এমপিওভুক্ত মাধ্যমিক বিদ্যালয় এবং সমমানের মাদ্রাসায় অধ্যয়নরত মেধাবী শিক্ষার্থীদের মাঝে জনশুমারি ও গৃহগণনা-২০২১ প্রকল্পের

ট্যাবলেট বিতরণ করা হয়েছে।

সোমবার সকাল সাড়ে দশটার সময় ভিক্টোরিয়া জুবিলী সরকারি উচ্চ বিদ্যালয়ে চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার শামীম ভূইয়ার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

এ সময় প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন,স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে আধুনিক প্রযুক্তি ব্যবহারের গুরুত্ব অপরিহার্য। তারই ধারাবাহিকতায় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে মেধাবী শিক্ষার্থীদের হাতে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসেবে ট্যাবলেট বিতরণ করা হচ্ছে। এটি মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা চমৎকার একটি উদ্যোগ এটির মাধ্যমে শিক্ষার্থীরা তথ্যপ্রযুক্তির ব্যবহারে সমৃদ্ধ হবে এবং স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে অগ্রণী ভূমিকা পালন করবে। এসময় তিনি আরো বলেন এটি একটি চমৎকার উদ্যোগ তবে শিক্ষার্থীরা ইন্টারনেট ব্যবহারে নেতিবাচক কোন দিকে প্রভাব না ফেলে সেদিকে লক্ষ্য রাখার জন্য অভিভাবকদের বিশেষভাবে আহবান জানান তিনি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন, চুয়াডাঙ্গা সদর উপজেলা চেয়ারম্যান আসাদুল হক বিশ্বাস, চুয়াডাঙ্গা জেলা শিক্ষা অফিসার আতাউর রহমান, চুয়াডাঙ্গা জেলা পরিসংখ্যানের উপপরিচালক(ভারপ্রাপ্ত) মোঃ শরিফুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার সাংবাদিকবৃন্দ,শিক্ষার্থী ও অভিভাবকবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনা কেরুতে পন্য উৎপাদনে রেকর্ড মুনাফা অর্জন

দেশের দক্ষিণ ও পশ্চিমান্ঝলের একমাত্র অর্থনৈতিক চালিকা শক্তি দর্শনা কেরু এন্ড কোম্পানী শুধুমাত্র আখ থেকে চিনি, চিটাগুড়,

সাথী ফসল করা বাধ্যতা মুলক করতে হবে বলে জানান। কেরু চিনিকলের ব্যাবস্থাপনা পরিচালক মোহাম্মদ মোশারফ হোসেন বলেন কেরু প্রতিস্ঠার পর এই প্রথম সর্বচ্চ উৎপাদিত পন্য ৩শ ৬৭ কোটি টাকা বিক্রয় হয়েছে, যা সরকারি কোষাগারে রাজস্ব দিয়ে, ৯টি কৃষি খামার ও চিনির লোকসান সমন্বয় করে ১শ” কোটি টাকা প্রফিট সম্ভব হতে পারে। আগের বছর ২০২১ সালে নিট প্রফিট ছিল ৫০ কোটি ৭০ লাখ ও মহামারি করনার মধ্যে ২০২০ সালে নিট প্রফিট ছিল ২১কোটি টাকা।

তিনি জানান গত সপ্তাহে উন্নত পদ্ধতিতে আখচাষ করে ফলন বাড়াতে এবং আখের সাথে সাথী ফসল করতে নাটোর, ফরিদপুর, মোবারকগন্জ ও কেরু চিনিকলের কর্মকর্তাদের নিয়ে তিনদিনের এক কর্মশালার উদ্বোধন করা হয়। সরকারের যুগ্ম সচিব, বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন পরিচালক (অর্থ) মোঃ খন্দকার আজিম আহম্মদ এনডিসি, যুগ্ম সচিব, করপোরেশন পরিচালক (ইক্ষু ও গবেষনা) পুলক কান্তি বড়ুয়া প্রধান অতিথি থেকে বক্তব্যে রাখেন।

তিনি বলেন চলতি বছরে মিলের ৫শ ৯৩ একর অলস জমি ৬ মাসের জন্য স্হানীয়দের মধ্যে লিজ দিয়ে ৯০ লাখ ৯০ হাজার এবং ৩শ৫০ একর মুড়ি আখের জমি লিজ দিয়ে ৮১ লাখ টাকা আয় করা সম্ভব হয়েছে।

চুয়াডাঙা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলি আজগার টগর বলেন কেরু চিনিকলটি এ অন্চলের একমাত্র অর্থনৈতিক চালিকাশক্তি,যার মুল কাচমাল আখ,, সেই আখচাষ বাড়াতে নানামুখি কর্মসুচি নেওয়া হয়েছে,সাথে সাথে মিলটি আধুনিকায়ন করতে বি এম আর ও অটোমেশন এর কাজ পুরোদমে এগিয়ে চলেছে।

সভাপতি জাহিদুল সেক্রেটারী হানিফ এবং সাংবাদিক সমিতির সভাপতি পিপুল সেক্রেটারী মামুন

নির্বাচিত

দর্শনা প্রেসক্লাবের পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়েছে। প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ সভায় এ কমিটির অনুমোদন করা হয়। গতকাল রবিবার সন্ধায় দর্শনা প্রেসক্লাব ভবনে অনুষ্টিত সভায় পূর্ণাঙ্গ কমিটির অনুমোদন করা হয়।

সভায় নির্বাচিত কমিটি পর্যায়ক্রমে ২ বছর মেয়াদকালে দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির দায়িত্ব পালন করবে। প্রথম ১ বছর প্রেসক্লাবের সভাপতি দৈনিক পূর্বাঞ্চল প্রতিনিধি মো: জাহিদুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গা দর্শনা সহকারি ব্যুরো প্রধান হানিফ মন্ডল এবং দর্শনা সাংবাদিক সমিতির সভাপতি মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধি ও দৈনিক যুগান্তর পত্রিকার দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি ইকরামুল হক পিপুল ও সাধারণ সম্পাদক দৈনিক জনবাণী ও দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার দর্শনা প্রতিনিধি আহসান হাবীব মামুনকে নির্বাচিত করা হয়েছে।

পরবর্তীতে এ কমিটি দ্বিতীয় ১ বছর দর্শনা প্রেসক্লাবের সভাপতি মাই টিভির চুয়াডাঙ্গা প্রতিনিধ ও দৈনিক যুগান্তর দামুড়হুদা (চুয়াডাঙ্গা) প্রতিনিধি ইকরামুল হক পিপুল ও সাধারণ সম্পাদক দৈনিক মেহেরপুর প্রতিদিন দর্শনা প্রতিনিধি আহসান হাবীব মামুন এবং সাংবাদিক সমিতির সভাপতি দৈনিক পূর্বাঞ্চল প্রতিনিধি মো: জাহিদুল ইসলাম ও দৈনিক মাথাভাঙ্গা দর্শনা সহকারি ব্যুরো প্রধান হানিফ মন্ডল নির্বাচিত হয়েছে। নির্বাচন পরিচালনা কমিটির আহব্বায়ক দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ও সাংবাদিক সমিতির সভাপতি মনিরুজ্জামান ধীরুর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় কমিটির সদস্য সচিব দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সদস্য প্রেসক্লাবের সাধারন সম্পাদক ওসমান আলী, এফএ আলমঙ্গীর ও চঞ্চল মেহমুদ দর্শনা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতি নামে দুটি কমিটি আগামী ২ বছরের জন্য পূর্নাঙ্গ ১৩ সদস্য বিশিষ্ট উভয় কমিটি ঘোষণা করেন।

প্রেস ক্লাবের সভাপতি হয়েছেন, জাহিদুল ইসলাম, সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ, সাধারন সম্পাদক হানিফ মন্ডল, যুগ্ম সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, দপ্তর সম্পাদক ইমতিয়াজ আহমেদ রয়েল, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক আব্দুর রহমান, সাংগঠনিক সম্পাদক মোস্তাফিজুর রহমান কচি, তথ্য প্রযুক্তি সম্পাদক আবিদ হাসান রিফাত, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক রাজিব মল্লিক, কোষাধ্যক্ষ মাসুম বিল্লাহ।

কার্যনির্বাহী সদস্য মনিরুজ্জামান ধীরু, আওয়াল হোসেন চঞ্চল মেহমুদ। সাংবাদিক সমিতির সভাপতি ইকরামুল হক পিপুল,সহ-সভাপতি মাহমুদ হাসান রনি, সাধারন সম্পাদক আহসান হাবিব মামুন, যুগ্ম সাধারণ সম্পাদক মনিরুজ্জামান সুমন, সাংগঠনিক সম্পাদক হাসমত আলী, দপ্তর সম্পাদক সুকমল চন্দ্র দাস বাঁধন, কোষাধ্যক্ষ আব্দুল হান্নান, সাহিত্য ও প্রকাশনা সম্পাদক সাব্বির আলিম, তথ্য প্রযুক্তি সম্পাদক ওয়াসিম রয়েল, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক জামান তারিক, কার্যনির্বাহী সদস্য- ওসমান আলী, এফএ আলমগীর, ফরহাদ হোসেন।

উল্লেখ্য গত শুক্রবার দর্শনা প্রেসক্লাবের সহ-সভাপতি কামরুজ্জামান যুদ্ধ সাধারণ সম্পাদক হিসেবে সোশ্যাল মিডিয়া ফেসবুক ও প্রিন্ট মিডিয়া সংবাদ প্রকাশিত হয়।

গতকাল রোববার নির্বাচন কমিটি বৈঠকে পরিষদের আহ্বায়ক মনিরুজ্জামান ধীরু,সদস্য সচিব আওয়াল হোসেন, সদস্য ওসমান আলী ও চঞ্চল মেহমুদ এই পূর্ণাঙ্গ কমিটি ঘোষণা করেছে।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে মাদকসেবীর ৬মাসের কারাদন্ড

আলমডাঙ্গায় প্রকাশ্যে মাদক সেবনের অপরাধে এক যুবককে ৬ মাসের কারাদন্ড ও ২’শ টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

আজ রবিবার দুপুর দেড়টার দিকে আলমডাঙ্গা উপজেলা নির্বাহি অফিসার রনি আলম নুর এ কারাদন্ড প্রদান করেন। অভিযুক্ত রেজাউল ইসলামের ছেলে রবিউল ইসলাম।

আদালত সূত্রে জানাযায়, পৌর এলাকার রেলস্টেশন সন্নিকটে প্রকাশ্যে মাদক সেবনের অপরাধে রবিউল ইসলাম নামের এক যুবককে আটক করে পুলিশ।

পরবর্তীতে উপজেলা নির্বাহি অফিসারকে অবগত করা হলে গতকাল রবিবার দুপুরে ঘটনাস্থলে উপস্থিত হয়। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে রবিউলকে

৬ মাসের কারাদন্ড ও ২’শত টাকা জরিমানা প্রদান করে।

আলমডাঙ্গায় ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ আটক ১

আলমডাঙ্গার হারদি কৃষি ক্লাবপাড়ায় বিশ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেটসহ এক মাদক বিক্রেতাকে আটক করেছে পুলিশ। রবিবার রাতে দিকে ওসমানপুর ফাঁড়ি-পুলিশ মাদক বিরোধী অভিযান চালিয়ে তাকে আটক করে। শরীর তল্লাশী করে তার নিকট থেকে ২০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ।

পুলিশ সূত্রে জানাযায়, উপজেলার হারদি কৃষি ক্লাবপাড়া এলাকার গুলিম আলীর ছেলে মারিফুল (২৬)। দীর্ঘদিন পুলিশের চোঁখ ফাঁকি দিয়ে ট্যাপেন্টাডল ট্যাবলেট সেবন ও বিক্রি করে আসছে।

গতকাল রবিবার রাতের দিকে ওসমানপুর ফাঁড়িপুলিশ মাদক বিরোধী অভিযান পরিচালনা করে। গোপন সংবাদের ভিত্তিতে পুলিশ মাদক বিক্রির সম হাতে-নাতে মারিফুলকে আটক করে পুলিশ।

তার দেহ তল্লাশী করে ২০ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করে পুলিশ। এঘটনায় মারিফুলের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পুলিশ।

চুয়াডাঙ্গায় বাংলাদেশ স্কাউটস দিবস উপলক্ষে আলোচনা সভা

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দামুড়হুদায় চোরাই ছাগল সহ গ্রেফতার ১

দামুড়হুদায় চোরাই গাভী ছাগল সহ ফারুক নামের একজনকে গ্রেফতার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। গত শুক্রবার দিনগত রাত ১১টার দিকে উপজেলার নাপিত খালি পশ্চিম পাড়া থেকে চোরাই ছাগল সহ একজনকে গ্রেফতার করা হয়।

এবিষয়ে দুই জনের নামে মামলা হয়েছে। গ্রেফতারকৃত ধৃত আসামী হলো দামুড়হুদা উপজেলার উত্তর চাঁদপুর গ্রামের মৃত আমির হোসেন এর ছেলে ফারুক হোসেন (৪৫) এবং এজাহারনামীয় ২নং পালাতক আসামি হলো দামুড়হুদা উপজেলা সদরের দশমীপাড়া স্টার ক্লাবের সামনে, আব্দুল গফুর (দলু দফাদার) এর ছেলে আকালে (৪৫)।

পুলিশ সুত্রে জানাগেছে গত শুক্রবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার নাপিতখালী পশ্চিমপাড়া গ্রামের ইস্রাফিল মন্ডল, পিং-মৃত খোদা বক্স এর বসত বাড়ীর গোয়াল ঘর থেকে একটি চোরাই গাভী ছাগলসহ ফারুক হোসেনকে গ্রেফতার করে পুলিশ। ছাগল চুরি হয়ে যাওয়া ভুক্তভোগী বাদী হয়ে দামুড়হুদা মডেল থানায় একটি মামলা দায়ের করেন।

বাদী ডালিম হোসেন (৪০), পিং-মোঃ আবুল কাশেম, সাং-দশমী, থানা- দামুড়হুদা, জেলা-চুয়াডাঙ্গা এর বসত বাড়ী থেকে গত ০৭ তারিখ শুক্রবার বিকাল সাড়ে ৪টার সময় একটি ধারী গাভী ছাগল যার আনুমানিক মূল্য ১৪ হাজার টাকা চুরি হইয়া যায়। খোজাখুজির একপর্যায়ে বাদী জানতে পারেন যে, দামুড়হুদা উপজেলার নাপিতখালী গ্রামের পশ্চিম পাড়ার ইস্রাফিল মন্ডল, এর বসত বাড়ীর গোয়াল ঘরে একটি চোরাই ছাগল বাধা আছে।

উক্ত ছাগল চোর সন্দেহে একজন ব্যাক্তিকে গ্রামবাসী আটক করিয়া রাখিয়াছে মর্মে বাদীর সংবাদের প্রেক্ষিতে দামুড়হুদা মডেল থানার চৌকস পুলিশ অফিসার এসআই মারজান আল মোনায়েম সংগীয় ফোর্সসহ ঘটনাস্থলে উপস্থিত হইয়া উক্ত চোরাই ছাগলটি উদ্ধারসহ আটককৃত আসামীকে হেফাজতে গ্রহন করেন এবং আসামীর নাম ঠিকানা জিজ্ঞাসাবাদে আসামী ফারুক হোসেন (৪৫), পিং মৃত আমির হোসেন, সাং-উত্তর চাঁদপুর, থানা-দামুড়হুদা, জেলা-চুয়াডাঙ্গা বলিয়া জানায়। পরবর্তীতে চোরাই যাওয়া ছাগল উদ্ধারসহ আটককৃত আসামীকে থানায় নিয়ে

আসা হয়। তার দেওয়া তথ্য মতে এই মামলায় আরও একজন পলাতক আসামী হলো দামুড়হুদা উপজেলা সদরের দশমীপাড়া স্টার ক্লাবের সামনে, আব্দুল গফুর (দলু দফাদার) এর ছেলে আকালে (৪৫)। তাদের বিরুদ্ধে মামলা দায়ের করা হয়েছে।

নাম প্রকাশে অনিচ্ছুক জনক ব্যক্তি বলেন, ফারুক তো অত্র অঞ্চলের চিহ্নিত একজন মাদক কারবারি। সে প্রতিনিয়ত ফেনসিডিল বিক্রি করে এলাকার যুব সমাজ নষ্ট করে দিচ্ছে। কেউ তাকে কিছু বললে সে তার সাঙ্গ-পাঙ্গ বাহিনী নিয়ে তাদের দিকে চড়াও হয়, এমনকি মাদক দিয়ে ফাসানোর হুমকি ধামকি দেয়। তিনি আরো বলেন এভাবে দিনের পর দিন সে ফেনসিডিল বিক্রি করে, ছাগল চুরি করে, খারাপ কাজের সাথে যুক্ত থাকে। এখনই এর লাগাম টানা উচিত। সে এবং তার স্ত্রীর নিয়মিত মাদক সেবন করে। সে যে চিহ্নিত মাদক বিক্রেতা তা এলাকাবাসী সবাই জানে।

এ বিষয়ে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন আইন শৃঙ্খলা সমুন্নত রাখতে দামুড়হুদা মডেল থানা পুলিশ বদ্ধপরিকর। একজন ছাগল চোরকে গ্রেফতার করা হয়েছে। তাকে বিজ্ঞ আদালতের সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদা প্রেসক্লাবে ইফতার ও নবাগত ওসিকে শুভেচ্ছা প্রদান অনুষ্ঠান

দামুড়হুদা প্রেসক্লাবে ইফতার মাহফিল ও নবাগত (ওসি) সাইফুল ইসলাম কে ফুলেল শুভেচছা প্রদান করা হয়েছে।

গতকাল শনিবার বিকালে দামুড়হুদা প্রেসক্লাবের আয়োজনে ইফতার মাহফিলের আগে দামুড়হুদা মডেল থানার নবাগত (ওসি) সাইফুল ইসলাম কে দামুড়হুদা প্রেসক্লাব ও সাংবাদিক সমিতির পক্ষে ফুলেল শুভেচছা দেয়া হয়।

এরপর সংক্ষিপ্ত আলোচনা সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা

প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী। এসময় উপস্থিত সাংবাদিকদের সহযোগিতা চেয়ে বক্তব্য রাখেন দামুড়হুদা মডেল থানার নবাগত ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম।

তিনি বক্তব্যে বলেন, দামুড়হুদা প্রেসক্লাবে যেন কোনো হলুদ সাংবাদিকদের ঠাঁই না হয়। সাংবাদিকরা জাতির বিবেক, তারা সব সময় দেশ ও জনগণের জন্য নিঃস্বার্থ ভাবে কাজ করে। আমি আশা করি দামুড়হুদা প্রেসক্লাবের সাংবাদিকরা আগামীতে দেশ, ও জনগণের কল্যাণে ভালো কাজের ধারা অব্যাহত রাখবে এবং সরকারের উন্নয়ন মূলক কর্মকাণ্ডগুলো তাদের লেখনির মধ্যমে তুলে ধরবে।

উপস্থিত ছিলেন দামুড়হুদা মডেল থানার পরিদর্শক (তদন্ত) শফিকুল আলম, পরিদর্শক (অপারেশন) শফিউল আলম, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো হযরত আলী, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, দামুড়হুদা প্রেসক্লাবের সাধারণ সম্পাদক হাবিবুর রহমান, সিনিয়র সহসভাপতি হাফিজুর রহমান কাজল, দামুড়হুদা উপজেলা সাংবাদিক সমিতির সভাপতি আলি আজগার সোনা, সাধারণ সম্পাদক তানজীর ফয়সাল, প্রেসক্লাব সহসভাপতি মাহাবুবুর রহমান মনি, যুগ্ন সাধারণ সম্পাদক মিরাজুল ইসলাম মিরাজ, যুগ্ম সাধারণ সম্পাদক (২) মেহেদী হাসান মিলন, সাংগঠনিক সম্পাদক সাজিদ হাসান সোহাগ, অর্থ সম্পাদক আহাদ আলী, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক বিল্লাল হোসেন, দপ্তর সম্পাদক খালেকুজ্জামান, তথ্য ও প্রযুক্তি বিষয়ক সম্পাদক শরিফুল ইসলাম, প্রচার ও প্রকাশনা সম্পাদক সালেকিন মিয়া সাগর, নির্বাহী সদস্য আব্দুস সালাম, জাহিদুর রহমান মুকুল, শামসুজ্জোহা পলাশ, সদস্য শমশের আলী, সাংবাদিক সমিতির সহসভাপতি ফজলুর রহমান, সাংগঠনিক সম্পাদক এসএম সুজন৷ নির্বাহী সদস্য সালাউদ্দিন প্রমুখ।

কার্পাসডাঙ্গা আবাসন প্রকল্পের ১০ টি অসহায় পরিবারের মানবেতর

জীবনযাপন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা ভূমিহীন পাড়ার আবাসন প্রকল্পের ১০ টি পরিবার আজ দীর্ঘ বছর ধরে ভাঙ্গা ঘরে চরম মানবেতর জীবন যাপন করছে।

জানা গেছে,কার্পাসডাঙ্গা ভূমিহীনপাড়ার আবাসন প্রকল্পের ১১ নাম্বার ছাউনির ১০ টি ঘর বিগত ১১ বছর পূর্বে আগুনে পুড়ে যায়।পুড়ে যাবার পর থেকেই ঘরের চালের টিনগুলো নস্ট হতে থাকে। বিগত কয়েক বছর ধরে ১০ টি অসহায় ভূমিহীন পরিবারের ঘরের টিনের চাল গুলো বড় বড় ছিদ্রে পরিনত হয়েছে।একটু বৃষ্টি হলেই প্রবল বেগে পানি ঘরে ঢুকে পড়ে পুরো ঘর ভিজে একাকার হয়ে যায়।সূর্যের প্রচন্ড তাপ টিনের বড় বড় ছিদ্র ভেদ করে ঘরে প্রবেশ করে।ঘর না বারান্দা অনেক সময় তারা নিজেরাই এটা বুঝতে পারেনা।উপজেলা প্রশাসন সহ বিভিন্ন রাজনৈতিক নেতাদের কাছে তারা ধর্না দিয়েও পাননি কোন প্রতিকার।বাধ্য হয়ে তারা কয়েক বছর ধরে টিনের চালের নিচে পুরো ঘর জুড়ে পলিথিন দিয়ে ঢেকে রেখেছেন।তারা জানান বৃষ্টি হলে এসব পলিথিনে কোন কাজ হয়না।ঘর ভিজে একাকার হয়ে যায়।আবাসন প্রকল্পটির বাসিন্দা খতিব জানান প্রতি তিনমাস পর পর পলিথিন বদলাতে হয়। সংসার চালাবো না পলিথিন কিনবো

ওহাব,জমির,ইয়াকুব,জুবাইয়া জানান বৃষ্টি হলে ঘরে থাকতে পারিনা। বাচ্চা দের নিয়ে খাটের নিচে থাকতে হয়। রফিকুল,শরীফ,রিয়াদ,পিয়ারী,মোশারফ জানান আজ দীর্ঘ ১১ বছরেও আমাদের এ দশটি পরিবারের টিনের চালের ব্যাবস্থা হলোনা। আমরা অসহায় ভূমিহীন আমরা কার কাছে যাবো।কে আমাদের সাহায্য এগিয়ে আসবে।

এ বিষয়ে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র সাথে কথা বললে তিনি জানান আমার কাছে একটি লিখিত দরখাস্ত করুক। আমি দেখে অবশ্যই ব্যাবস্থা নিবো।পবিত্র ঈদ উল ফিতর যাতে এ অসহায় পরিবার গুলো সন্তানদের নিয়ে আনন্দে করতে পারে তার জন্য পবিত্র ঈদউল ফিতরের আগে এ পরিবার গুলো ঘরের টিনের চালের ব্যাবস্থা করে দিতে দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার রোকসানা মিতা’র আশু হস্তক্ষেপ কামনা করেছে ভুক্তভোগী পরিবার গুলো সহ সচেতন মহল।